Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা

মুজিব শতবর্ষ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মো: তোফাজ্জেল হোসেন অতিরিক্ত সচিব (সিঃআর) ও সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ	২২ আগস্ট ২০২২
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ, ভবন নং-২, ৪র্থ তলা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবাপ্রাপ্তি সহজ ও নিশ্চিত করার লক্ষ্যে একটি সুস্পষ্ট সিটিজেন্স চার্টার প্রণয়ন ও তা নিয়মিত হালনাগাদ করে প্রদর্শন অত্যন্ত জরুরি। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে ১ম ত্রৈমাসিকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটি পুনর্গঠিত হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ওসিটিজেন্স চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা, ২০১৭ এর আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিস্তারিত পর্যালোচনার উদ্দেশ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা আহব্বান করা হয়েছে।

০২। সভাপতির অনুমতিক্রমে পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে ১ম ত্রৈমাসিকে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের কার্যক্রম ও লক্ষ্যমাত্রা বিষয়ে সভায় উপস্থাপন করেন। তিনি জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার শাখার পরিবর্তে সেবা ভিত্তিক ফরমেটে সর্বশেষ ৩ জুলাই তারিখ হালনাগাদ করা হয়েছে। এছাড়া ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনায় সিটিজেন্স চার্টার বিষয়ক নির্দেশনাসমূহ সম্পর্কে তিনি সভাকে অবহিত করেন। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ উপস্থাপন করা হলে তা কার্যক্রম ১.২ এর সময়সীমায় পরিবর্তন সাপেক্ষে অনুমোদিত হয়।

০৩। সভায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনান্তে আলোচনার প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	সময়সীমা
১.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রক্রিয়া (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা, ২০১৭ অনুসরণ করে বিদ্যমান সিটিজেন্স চার্টারটি নিয়মিত হালনাগাদ করতে হবে।	সকল অনুবিভাগ, দপ্তর/ সংস্থা	৩১ আগস্ট, ২০২২
২.	সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রদত্ত তথ্যকে আরো জনবান্ধব করতে পিডিএফ এর পরিবর্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুরূপ এইচটিএমএল পেজে (ডাইনামিক আপডেট ও এক্টিভ হাইপার লিংকএর সুবিধাসহ) আপলোড করতে হবে।	সকল দপ্তর/ সংস্থা	১৫ সেপ্টেম্বর, ২০২২
৩.	সেবা প্রদানকারী কর্মকর্তার পদবীর সাথে আবশ্যিক ভাবে নাম ও মোবাইল নম্বর, সহ তথ্য দিতে হবে।	সকল অনুবিভাগ, দপ্তর/ সংস্থা	৩১ আগস্ট, ২০২২

৪.	সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণ করা প্রয়োজন হলে ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক এইচটিএমএএল লিংকের মাধ্যমে সিটিজেন্স চার্টারে সরবরাহ করতে হবে। সেবার জন্য কোন কাগজপত্র সংযুক্ত আকারে দেয়ার বাধ্যবাধকতা থাকলে এবং চুক্তি/ প্রস্তাব/ চাহিদাপত্র প্রেরণের প্রয়োজন হলে যথাক্রমে কাগজপত্রের বিবরণ, সংখ্যা এবং সত্যায়ন প্রয়োজন কি-না তা উল্লেখ করতে হবে এবং চুক্তিপত্রের নমুনা/ প্রস্তাবের ফর্ম লিংকের মাধ্যমে সংযুক্ত করতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের উল্লেখ থাকলে তার মাধ্যম (ওয়েবসাইট/সংবাদপত্র) উল্লেখ করতে হবে। সেবা নাম উল্লেখের ক্ষেত্রে সুনির্দিষ্ট সেবা উল্লেখ করতে হবে। সেবার পৃথক ধাপ সমূহকে পৃথক সেবা হিসেবে দেখানো যাবে না।	সকল অনুবিভাগ, দপ্তর/ সংস্থা	৩১ আগস্ট, ২০২২
৫.	ওয়েবসাইটের বিন্যাসে সরকারী পোর্টাল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পৃথক বক্স আইকন রাখতে হবে।	সকল দপ্তর/সংস্থা	৩১ আগস্ট, ২০২২
৬.	সকল দপ্তর/সংস্থার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে।	সকল দপ্তর/সংস্থা	১৫ সেপ্টেম্বর, ২০২২
৭.	সিআর অধিশাখার স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১ম অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	সংশ্লিষ্ট অধিশাখা ও সিপি-৩	২৫ সেপ্টেম্বর, ২০২২

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: তোফাজ্জেল হোসেন
অতিরিক্ত সচিব (সিআর) ও সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.১৬.০০৪.২২.১২৩

তারিখ: ৮ ভাদ্র ১৪২৯
২৩ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) [দৃ.আ: জনাব খাতুনে জান্নাত, উপপরিচালক, বিপিএটিসি, সাভার, ঢাকা]

২) রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি [দৃ.আ: জনাব আবু আসলাম, উপপরিচালক, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি]

৩) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি) [জনাব ফাতেমা তুজ জোহরা উপমা, সিনিয়র সহকারী সচিব, বিকেকেবি]

৬) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৭) পরিবহন কমিশনার , সরকারি যানবাহন অধিদপ্তর [দৃ.আ: আহমেদ ফয়সাল ইমাম, পরিচালক (নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর]

৮) আবু আহমদ ছিদ্দীকী এনডিসি, পরিচালক (যুগ্মসচিব), সরকারি কর্মচারী হাসপাতাল, জনপ্রশাসন মন্ত্রণালয়

৯) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০) যুগ্মসচিব, শৃঙ্খলা-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১১) অতিরিক্ত সচিব, সওব্য-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১২) যুগ্মসচিব, বাবাকো অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৪) যুগ্মসচিব, আইন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৫) যুগ্মসচিব, মাঠ প্রশাসন, অভ্যন্তরীণ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৬) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৭) যুগ্মসচিব, বিধি-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৮) উপসচিব, কল্যাণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৯) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি সিটিজেন্স চার্টারের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

২১) ব্যক্তিগত কর্মকর্তা, সিআর অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব, সিআর মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১/০৬/২০২২

মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব